# জৈব আবীর তৈরির পদ্ধতি



ড: সুখেন চন্দ্র দ্যাং

**নদীয়া কৃষি বিজ্ঞান কেন্দ্র**

বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

ভারতীয় কৃষি অনুসন্ধান পরিষদ

গয়েশপুর, নদীয়া- ৭৪১২৩৪


বাজারে চলতি বেশীরভাগ আবীর তৈরি হয় অজানা রং থেকে। যা কখনো কখনো আমাদের শরীরে বিরুপ প্রতিক্রিয়া ঘটায়। বাচ্চা ও বয়স্কদের ক্ষেত্রে পরিণাম হয় মারাত্মক। তাই, এই রং যদি অবিক্রীত ফোটা ফুল থেকে হয়, তাহলে চাষীও লাভ পাবে আর জৈবিকভাবে আবীরও তৈরি করা যাবে।



প্রয়োজনীয় উপকরন - হোয়াইট সোপ পাউডার, পি এইচ পেপার (অ্যাসিড মাপার),সাদা কাপড়ের ছাকনি, মিক্সি গ্রাইন্ডার, ওজন মাপার যন্ত্র, ফটকিরি, এরারুট, এসেন্স, বিক্সা(লটকন ফল), অপরাজিতা, গোলাপ, গাঁদাফুল ইত্যাদি।

## অপরাজিতা ফুল থেকে -

অপরাজিতা ফুলের সবুজ অংশ বাদ দিতে হবে। প্লাস্টিকের পাত্রে ৫০ ডিগ্রী সে. উষ্ণতায় জল রেখে ফুলের পাপড়ি ভেজাতে হবে ও পাপড়ি থেকে রং বের করতে হবে। ফটকিরি ১৫০ গ্রা./ লি. দ্রবন তৈরি করতে হবে।পাপড়ি ভেজার ১ — ১.৫ ঘন্টা পরে ওগুলি চটকাতে হবে। তারপর আস্তে আস্তে জল ঢালতে হবে। ফটকিরির দ্রবন অ্যাসিড হবে যা নীল লিটমাসকে লাল করে। তারপর মিক্সিতে ভালোভাবে পাপড়িগুলি গ্রাইন্ডিং করতে হবে। দ্রবনটি কাপড়ে ছাকতে হবে। দ্রবনটি পাতলা না হলে জল দিয়ে পাতলা করে আবার ছাকতে হবে। তারপর ছাঁকা ছোপড়া ফেলে দিতে হবে।



এইভাবে ছাকা দ্রবন প্লাস্টিকের পাত্রে রেখে দিতে হবে। সোপ পাউডার ১ কেজির সাথে ১০ গ্রা. এরারুট ভালোভাবে মেশাতে হবে। প্লেটে ফুলের ছাঁকা জলে ফটকিরি দ্রবন মিশিয়ে তা পাউডার মিশ্রনের সাথে মেশানো হয়। পরিমানগুলি এমন হবে যেন মাখোমাখো লেই তৈরি করা হয়। এরপর, লেই, পাতলা স্তরে প্লেটে ছড়িয়ে রাখা হয়। প্লেটগুলি রোদে শুকনো করা হয়। ৩ - ৪ দিন পরে শুকনো লেই তুলে পাউডার করে এসেন্স মেশানো হয় ও ওজন করে প্যাকিং করা হয়। হট এয়ার ওভেনেও ড্রাই করা যেতে পারে।

**বিক্সা থেকে আবীর তৈরি -** বিক্সাবীজ গাঢ় লাল বর্ণের হয়। গুল্মজাতীয় বিক্সা গাছ থেকে বীজ সংগ্রহ করতে হয়। বীজ জলে ২ - ৩ ঘন্টা ভেজাতে হয়। তারপর সেটাকে হাতে দলতে হয় ও রং বেরিয়ে আসে। সাদা কাপড়ে ছেঁকে নিতে হবে। ফটকিরি ১৫০ গ্রা./ লি. দ্রবন তৈরি করতে হবে। প্লাস্টিকের পাত্রে ছাঁকা বিক্সা দ্রবন ও ফটকিরির দ্রবন মিশিয়ে নিয়ে সোপপাউডারে মাখিয়ে পাউডারের লেই বানানো হয়। তারপর পাতলা স্তরে প্লাস্টিকের থালায় চারিয়ে সূর্যালোকে ড্রাই করা হয়। এভাবে তৈরি শুকনো লেই খুব শুষ্ক শক্ত হয়। হট এয়ার ওভেনেও ড্রাই করা যেতে পারে। ভেঙ্গে গুঁড়ো করে এসেন্স মাখানো হয় ও প্যাকেট বন্দী করা হয়।

**কমলা গাঁদা ফুল থেকে আবীর তৈরি -** গাঁদা ফুলের পাপড়ির কালো অংশ বাদ দিয়ে পাপড়ি জলে ২-৩ ঘন্টা ভেজাতে হবে। সেগুলি তারপর মিক্সার গ্রাইন্ডারে চটকে সাদা কাপড়ে ছাঁকা হয়। গাঁদা ফুলের রং না আসলে কাঁচা হলুদ মেশাতে হয় ও গ্রাইন্ডিং করা হয়। এটিও ছাঁকা হয়। প্রস্তুত দ্রবনটির সাথে ফটকিরি মেশাতে হয়। ২ কেজি গাঁদার পাপড়ির জন্য ৩৭ গ্রা./২৫০ মিলি ফটকিরির গুঁড়ো দ্রবন তৈরি করা হয়। এরারুট মিশ্রিত সোপপাউডারের সাথে মিশ্রিত দ্রবনটি একটু একটু করে মিশিয়ে লেই বানানো হয়। তারপর পাতলা স্তরে প্লাস্টিকের থালায় চারিয়ে সূর্যালোকে ড্রাই করা হয়। এভাবে তৈরি শুকনো লেই খুব শুষ্ক শক্ত হয়। ভেঙ্গে গুঁড়ো করে এসেন্স মাখানো হয় ও প্যাকেট বন্দী করা হয়। হট এয়ার ওভেনেও ড্রাই করা যেতে পারে।



**গোলাপ ফুল থেকে -**
গোলাপের পাপড়িগুলিই শুধু নেওয়া হয়। পাপড়ির সাদা অংশ বাদ দেওয়া হয়। তারপর গরম জলে (৫০ ডিগ্রী সে. উষ্ণতায়) পাপড়িগুলি ডুববে এরকমভাবে জল রেখে পাপড়ি ভেজানো হয় ও ফুল থেকে রং বের করতে হবে। ফটকিরি ১৫০ গ্রা./ লি. দ্রবন তৈরি করতে হবে। ১ কেজি গোলাপ পাপড়ির জন্য ৩৭ গ্রা./ ২৫০ মিলি ফটকিরির গুঁড়ো দ্রবন তৈরি করা হয়। পাপড়ি ভেজার ১ - ১.৫ ঘন্টা পরে ওগুলি চটকাতে হবে। তারপর আস্তে আস্তে জল ঢালতে হবে। ফটকিরির দ্রবন অ্যাসিড হবে যা নীল লিটমাসকে লাল করে। তারপর মিক্সিতে ভালোভাবে পাপড়িগুলি গ্রাইন্ডিং করতে হবে। দ্রবনটি কাপড়ে ছাকতে হবে। দ্রবনটি পাতলা না হলে জল দিয়ে পাতলা করে আবার ছাকতে হবে । তারপর



ছাঁকা ছোপড়া ফেলে দিতে হবে । এইভাবে ছাঁকা দ্রবন প্লাস্টিকের পাত্রে রেখে দিতে হবে। সোপ পাউডার ১ কেজির সাথে ১০ গ্রা. এরারুট ভালোভাবে মেশাতে হবে। প্লেটে ফুলের ছাঁকা জলে ফটকিরি দ্রবন মিশিয়ে তা পাউডার মিশ্রনের সাথে মেশানো হয়। পরিমানগুলি এমন হবে যেন মাখোমাখো লেই তৈরি করা হয়। এরপর, লেই, পাতলা স্তরে প্লেটে ছড়িয়ে রাখা হয়। প্লেটগুলি রোদে শুকনো করা হয়। ৩ - ৪ দিন পরে শুকনো দ্রব্য তুলে পাউডার করে এসেন্স মেশানো হয় (এসেন্স না মেশালে গোলাপের হাল্কা সুগন্ধ থাকে ) ও ওজন করে প্যাকিং করা হয়। হট এয়ার ওভেনেও ড্রাই করা যেতে পারে।








**নদীয়া কৃষি বিজ্ঞান কেন্দ্র কর্তৃক প্রকাশিত ও**

**ডঃ সামশুল হক আনসারী**

**বরিষ্ঠ বিজ্ঞানী ও প্রধান কর্তৃক প্রচারিত**



**যোগাযোগঃ নদীয়া কৃষি বিজ্ঞান কেন্দ্র**
**ফোনঃ 033-25891271**
**email:nadiakvk@gmail.com**
**www.nadiakvk.org.in**
**Nadia Krishi Vigyan Kendra**



মুদ্রণঃ Alonso Consultancy Services private Limited